যুগান্তর

তারিখ 18 AUG 2016
পৃষ্ঠা ৬ কলাম ৮

# ভাঙ্গায় শিক্ষা কর্মকর্তার বিরুদ্ধে ঘুষ বাণিজ্যের অভিযোগ

**ভাঙ্গা (ফরিদপুর) প্রতিনিধি**

ভাঙ্গা উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার বিরুদ্ধে ব্যাপক ঘুষ দুর্নীতি ও নানা অনিয়মের অভিযোগ উঠেছে। মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. আবদুর রহিম ভাঙ্গায় যোগদানের পর অনিয়মিত অফিস না করা, শিক্ষক নিয়োগে ঘুষ বাণিজ্য, শিক্ষার্থীদের উপবৃত্তির টাকা আত্মসাৎ ও দাফতরিক কাজে ঘুষ গ্রহণের অভিযোগ উঠেছে। শিক্ষকরা মৌখিকভাবে সংশোধন হতে ওই কর্মকর্তাকে বললেও তিনি তা উপেক্ষা করে ঘুষ বাণিজ্যে মেতে ওঠেন। উপজেলার প্রায় অর্ধশতাধিক শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান ও শিক্ষকরা তার বিরুদ্ধে জেলা প্রশাসক ও জেলা শিক্ষা কর্মকর্তার কাছে লিখিত অভিযোগ করেন। এ ব্যাপারে মঙ্গলবার জেলা শিক্ষা কর্মকর্তা পরিমল চন্দ্র মণ্ডল জানান, ভাঙ্গা উপজেলা মাধ্যমিক কর্মকর্তার বিরুদ্ধে একটি লিখিত অভিযোগ পেয়েছি। অভিযোগকারীর মধ্যে ভাঙ্গা মডেল পাইলট উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও বাংলাদেশ শিক্ষক সমিতির ফরিদপুর জেলা সভাপতি হায়দার হোসেন বলেন, মাধ্যমিক কর্মকর্তা যোগদানের পর ঘুষ বাণিজ্যসহ তার খেয়াল খুশিমতো বিভিন্ন প্রতিষ্ঠানের সম্পর্কে আজেবাজে মন্তব্য করেন। মাদ্রাসার সুপার সুলতানা পারভীন বলেন, তিনি মাদ্রাসায় প্রবেশ করে শিক্ষক-শিক্ষার্থীদের সামনেই ধূমপানসহ অশালীন ভাষা প্রয়োগ করেন। তুজারপুর এসএ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক বাচ্চু মাতুব্বর জানায়, দাফতরিক কাজে মাধ্যমিক কার্যালয়ে এলে তাকে ঠিকমতো অফিসে পাই না।